দৈনিক ইত্তেফাক

তারিখ ... 13 JUL 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ১

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# আমরা সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন চাই

শেখ হাসিনা

ইত্তেফাক রিপোর্ট ॥ আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা লেখা-পড়া ও সুখে-দুঃখে মানুষের পাশে থাকার মাধ্যমে ছাত্রসমাজকে সুশিক্ষিত সুনাগরিক হিসাবে নিজেদের গড়িয়া তোলার আহ্বান জানাইয়া বলিয়াছেন, রাষ্ট্র পরিচালনার জন্য সুশিক্ষিত নেতৃত্বের প্রয়োজন। স্বৈরাচারী শাসকরা দেশের কোমলমতি ছাত্রদের বিভিন্ন ভাবে বিভ্রান্ত করিয়াছে

( শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## শেখ হাসিনা

(১ম পৃঃ পর)

মিথ্যাচারের মাধ্যমে। গতকাল বুধবার চট্টগ্রাম সরকারী কমার্স কলেজ ও চট্টগ্রাম আইন কলেজ ছাত্র সংসদের নবনির্বাচিত নেতৃবৃন্দ ধানমণ্ডিস্থ কার্যালয়ে শেখ হাসিনার সহিত সাক্ষাৎ করিলে তিনি নেতৃবৃন্দকে অভিনন্দন জানাইয়া বলেন, এ বিজয় বর্তমান গণতান্ত্রিক ও মানুষের ভোট-ভাতের অধিকারের আন্দোলনকে বেগবান করিবে। তিনি বলেন, আমরা সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন চাই, ছাত্রদের সেজন্য কাজ করিতে হইবে।

শেখ হাসিনা বলেন, বিএনপি সরকার সংবিধান লংঘন করিয়া একদলীয়ভাবে সংসদ চালাইতেছে এবং পরিকল্পিতভাবে দেশকে গভীর সংকটের দিকে ঠেলিয়া দিতেছে। বিএনপি স্বৈরাচারের মত আচরণ করিতেছে। বন্যাদুর্গত এলাকায় মানুষের দুর্দশার সীমা নাই, খাবার নাই, ঔষধ নাই অথচ সরকারের বন্যা ত্রাণে মাথাপিছু বরাদ্দ মাত্র ২৫ পয়সা। তিনি বলেন, বঙ্গবন্ধু স্থায়ীভাবে বন্যা নিয়ন্ত্রণের পরিকল্পনা করিয়াছিলেন, কিন্তু বঙ্গবন্ধুকে হত্যার পর এই ২০ বছরেও বন্যা নিয়ন্ত্রণের কোন পদক্ষেপ নেওয়া হয় নাই।

শেখ হাসিনার সহিত সাক্ষাৎ করেন চট্টগ্রাম সরকারী কমার্স কলেজের নবনির্বাচিত ভিপি হাসান মুরাদ বিপ্লব, জি এস মাহবুবুর রহমান বাবু, চট্টগ্রাম আইন কলেজের ভিপি খুরশীদ আলম, জিএস হোসেন কবীরসহ অন্যান্য। এ সময় ছাত্রলীগ সভাপতি এনামুল হক শামীম ও সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না এবং আওয়ামী লীগ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।